



পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২০০০-৫৩০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট-এর ১(এক)টি স্থায়ী সহকারী প্রকৌশলী (কম্পিউটার) শূন্য পদ পূরণের নিমিত্তে ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে এস.এস.সি ও বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ সরকারী বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ৪ বছর মেয়াদী বি.এসসি অনার্স ইন কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং ও সংশ্লিষ্ট বিষয়ে জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকিতে হইবে। প্রার্থীকে UNIX ভিত্তিক সার্ভার ইনস্টলেশন ও ব্যবস্থাপনা, কম্পিউটার ল্যাব ব্যবস্থাপনা, নেটওয়ার্ক ইনস্টলেশন, user credential ব্যবস্থাপনা ও পরিচালনা, সফটওয়্যার ইনস্টলেশন, ক্লাউড কম্পিউটিং পরিষেবা ইনস্টলেশন, ওয়েব সাইট ব্যবস্থাপনা, গ্রহাণার অটোমেশন, ই-নথি প্রস্তুতকরণ ব্যবস্থাপনা ও পরিচালনায় দক্ষ হইতে হইবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট, মার্কসিট ও প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার (যদি থাকে) প্রমাণপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৮-০৭-২০২৪ তারিখের মধ্যে পরিচালক, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট পৌঁছাইতে হইবে।

  
২০২৪/০৭/১৮